# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৭০. বিপদাপদে ধৈর্যধারণ করা

আল্লাহ্ সুবহানাহু তা'আলা বলেন,

وَاسْتَعِينُوا بِالصَّبْرِ وَالصَّلَاةِ ۚ وَإِنَّهَا لَكَبِيرَةٌ إِلَّا عَلَى الْخَاشِعِينَ

‘তোমরা নামায ও ধৈর্যের মাধ্যমে আল্লাহর সাহায্য প্রার্থনা কর। তবে কাজটি বেশ কঠিন কিন্তু যারা আল্লাহর জন্য নিবেদিতপ্রাণ তাদের জন্য অবশ্য কঠিন নয়।[১]

আল্লাহ সুবহানাহু তা'আলা আরও বলেন,

وَبَشِّرِ الصَّابِرِينَ الَّذِينَ إِذَا أَصَابَتْهُم مُّصِيبَةٌ قَالُوا إِنَّا لِلَّهِ وَإِنَّا إِلَيْهِ رَاجِعُونَ أُولَٰئِكَ عَلَيْهِمْ صَلَوَاتٌ مِّن رَّبِّهِمْ وَرَحْمَةٌ ۖ وَأُولَٰئِكَ هُمُ الْمُهْتَدُونَ

যারা ধৈর্য ধরে সুসংবাদ তাদের জন্য। যখন তাদের উপর কোনো মুসিবত আসে তখন তারা বলে- আমরা আল্লাহর জন্য এবং তার দিকেই আমাদের ফিরে যেতে হবে। তাদের প্রতি তাদের রবের পক্ষ থেকে বিপুল অনুগ্রহ বর্ষিত হবে এবং রহমত। প্রকৃতপক্ষে এরাই সঠিক পথে রয়েছে।[২]

সূরা আয যুমারে বলা হয়েছে,

إِنَّمَا يُوَفَّى الصَّابِرُونَ أَجْرَهُم بِغَيْرِ حِسَابٍ

যারা ধৈর্যশীল তাদের জন্য রয়েছে এমন বিনিময় যার কোনো হিসেবই নেই।[৩]

সহীহ আল বুখারী ও সহীহ মুসলিমে আবু সাঈদ আল খুদরী (রাঃ) থেকে বর্ণিত হাদীসে বলা হয়েছে,

جاء أناس من الأنصار فسئلوا رسول الله صلى الله عليه وسلم فأعطاهم قال فجعل لا يسئله أحد منهم الا اعطاه حتى نفد ما عنده ثم قال لهم حين أنفق كل شيء عنده مايكون عندنا من خير فلن تدخره عنكم فانه من يستعف يعفه الله ومن يستغن يغنه الله ومن يتصبر يصبره الله ولن يعطوا عطاء خيرا و اوسع من الصبر

আনসারদের কতিপয় লোক রাসূল (সা.)-এর কাছে সাহায্য চাইলো, তিনি তাদেরকে দিলেন। তারা আবার চাইলো, তিনি আবার তাদেরকে দিলেন। এমনকি তার কাছে যা ছিলো সবই শেষ হয়ে গেল। সবকিছু দান করার পর তিনি তাদেরকে বললেন- যা আসে তা আমি তোমাদেরকে না দিয়ে জমা করে রাখি। যে পবিত্র থাকতে চায় আল্লাহ্ তাকে পবিত্র রাখেন। যে ব্যক্তি কারও মুখাপেক্ষী হতে চায় না, আল্লাহ তাকে স্বাবলম্বী করে দেন। যে ব্যক্তি ধৈর্য ধারণ করতে চায় আল্লাহ্ তাকে ধৈর্য দান করেন। ধৈর্যের চেয়ে উত্তম আর প্রশস্ত কোনো কিছু কাউকে দেয়া হয়নি।[৪]

আবদুল্লাহ্ ইবনু মাসউদ (রাঃ) বলেছেন,

دَخَلْتُ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ يُوعَكُ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنَّكَ لَتُوعَكُ وَعْكًا شَدِيدًا قَالَ أَجَلْ إِنِّي أُوعَكُ كَمَا يُوعَكُ رَجُلَانِ مِنْكُمْ قُلْتُ ذَلِكَ أَنَّ لَكَ أَجْرَيْنِ قَالَ أَجَلْ ذَلِكَ كَذَلِكَ مَا مِنْ مُسْلِمٍ يُصِيبُهُ أَذًى شَوْكَةٌ فَمَا فَوْقَهَا إِلَّا كَفَّرَ اللَّهُ بِهَا سَيِّئَاتِهِ كَمَا تَحُطُّ الشَّجَرَةُ وَرَقَهَا

‘একবার আমি রাসূলুল্লাহ (সা.)-এর কাছে গেলাম। দেখলাম, তিনি ভীষণ অসুস্থ। বললাম, আমার মনে হয় আপনার অসুস্থতা দু’জনের সমান। তিনি স্বীকার করলেন এবং বললেন, আশা করি আমি এজন্য দ্বিগুন পুরস্কার পাবো। তারপর বললেন, কোনো মুসলিমের উপর বিপদ মুসিবত কিংবা অসুস্থতা তার গুনাহ্ মাফের কারণ ছাড়া আসে না। গাছের শুকনো পাতা যেমন ঝরে যায় তেমনিভাবে মুমিনের কষ্টের কারণে তার গুনাহগুলোও ঝরে যায়।[৫]

## ফুটনোট

[১]. সূরা বাকারা, আয়াত ৪৫।

[২]. সূরা আল বাকারা, আয়াত : ১৫৫, ১৫৬, ১৫৭।

[৩]. সূরা আয যুমার, আয়াত : ১০।

[৪]. সহীহ আল বুখারী; সহীহ মুসলিম।

[৫]. সহীহ আল বুখারী; সহীহ মুসলিম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12368

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন